FEB. 6 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৩....

ভোরের কাগজ

# সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠানের জন্য রাজনৈতিক পর্যায়ে আলোচনা দরকার

## ৫ম সার্ক অর্থনৈতিক সহযোগিতা সম্মেলনে বক্তারা

নেপালের রাজধানী কাঠমান্ডুতে গত রোববার অনুষ্ঠিত সার্ক দেশগুলোর ব্যবসায়ীদের এক সম্মেলনে বক্তারা দীর্ঘদিন ধরে সার্ক শীর্ষ সম্মেলন স্থগিত থাকায় উদ্বেগ প্রকাশ করেছেন। বক্তারা সার্ক দেশগুলোর মধ্যে অর্থনৈতিক সহযোগিতা জোরদারে সার্ক শীর্ষ সম্মেলন আয়োজনের লক্ষ্যে রাজনৈতিক পর্যায়ে আলাপ-আলোচনা আরো বাড়ানোর সুপারিশ করেছেন। ইউএনবি।

নেপালের প্রধানমন্ত্রী গিরিজা প্রসাদ কৈরালা গতকাল সকালে কাঠমান্ডুর হোটেল সোয়ালটিতে দিনব্যাপী '৫ম সার্ক অর্থনৈতিক সহযোগিতা সম্মেলন ২০০১'-এর উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতাকালে প্রধানমন্ত্রী কৈরালা সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠান স্থগিত থাকায় ব্যবসায়ীদের উদ্বেগে সায় দেন। কৈরালা গতকালের সম্মেলন সম্পর্কে বলেন, এটি কেবলমাত্র ব্যবসায়িক সম্মেলন নয়, একটি রাজনৈতিক বৈঠকও। ভারতীয় প্রধানমন্ত্রী অটল বিহারি বাজপেয়ি এবং পাকিস্তানি সামারিক শাসক জেনারেল মুশাররফের সাম্প্রতিক টেলিফোন আলাপের কথা উল্লেখ করে কৈরালা ইঙ্গিত দেন, স্থগিত সার্ক শীর্ষ সম্মেলন আয়োজনের চেষ্টা শুরু হয়েছে। প্রসঙ্গত, ভারত ও পাকিস্তানের সম্পর্কে উত্তেজনার কারণে গত ১৯৯৯ সালে কাঠমান্ডুতে নির্ধারিত সম্মেলনটি স্থগিত হয়ে আছে। প্রধানমন্ত্রী কৈরালা সার্ক দেশগুলোর মধ্যে সরকারি ও বেসরকারি পর্যায়ে কার্যকর কৌশলগত অংশীদারিত্ব প্রতিষ্ঠার জন্য ববসায়ীদের আহ্বানের সঙ্গে একমত প্রকাশ করেন।

নেপালি প্রধানমন্ত্র জানান, দক্ষিণ এশীয় অবাধ বাণিজ্য এলাকা বিষয়ে একটি চুক্তির খসড়া প্রক্রিয়াধীন রয়েছে। এ প্রসঙ্গে ব্যবসায়ীরা ইউরোপীয় ইউনিয়নের আদলে দক্ষিণ এশীয় অর্থনৈতিক ইউনিয়নের ব্যাপারেও কথা বলেন।

এদিকে সম্মেলনের পাশাপাশি বার্তাসংস্থা ইউএনবির সঙ্গে আলাপকালে সার্ক মহাসচিব নিহাল রড্রিগো এ বছরের মধ্যেই সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠানের ব্যাপারে আশবাদ ব্যক্ত করেন। নিহাল রড্রিগো বাজপেয়ি ও মুশাররফের সাম্প্রতিক ফোনালাপের উল্লেখ করে একে একটি ইতিবাচক ইঙ্গিত বলে অভিহিত করেন। তিনি বলেন, কয়েক মাসের মধ্যে না হলেও এ বছরই সম্মেলন হতে পারে।